

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 04.12.2024**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) রাজ্য থেকে সংগ্রহ করা কেন্দ্রীয় করের প্রাপ্তি অংশ বাড়ানোর জন্য সরকার ষোড়শ অর্থ কমিশনের কাছে দাবি জানিয়েছে।
- ২) সাধারণ মানুষের কথা বিবেচনা করে আজ সন্ধ্যা থেকে আলু ব্যবসায়ী সমিতির কর্মবিরতি উঠে যাচ্ছে।
- ৩) দক্ষিণ ২৪ পরগণার পাথরপ্রতিমায় সমবায় সমিতিতে কয়েক কোটি টাকা তচ্ছৰপের অভিযোগে এক ডি঱েন্টেরকে গ্রেপ্তার করা হয়েছে।
- ৪) আলিপুর ধনধান্য প্রক্ষাগ্রতে বিশেষ অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ সূচনা হচ্ছে ৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচিত্র উৎসব। এবারের ফোকাস কান্ট্রি ফ্রাঙ্স।
- ৫) আবহাওয়ার পূর্বাভাসকে আরোও নির্ভুল ও উন্নত করতে কলকাতা বিশ্ববিদ্যালয় এবং আলিপুর আবহাওয়া দপ্তরের মধ্যে একটি মৌ চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

---

রাজ্য থেকে সংগ্রহ করা কেন্দ্রীয় করের প্রাপ্তি অংশ বাড়ানোর জন্য রাজ্য সরকার ষোড়শ অর্থ কমিশনের কাছে দাবি জানিয়েছে। নবান্নে গতকাল ষোড়শ অর্থ কমিশনের সভাপতি অরবিন্দ পাণাগরিয়া সহ অন্যান্য সদস্যদের সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা

ব্যানার্জি এই দাবি জানান। পাশাপাশি বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে বকেয়ার প্রসঙ্গ তুলে অর্থ কমিশনের কাছে হস্তক্ষেপ দাবি করেছেন তিনি। বৈঠকের পর কমিশনের সদস্যরা সাংবাদিকদের মুখোমুখি হন। সেখানে অরবিন্দ পানাগারিয়া জানান, পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ ক্রমে রাজ্যগুলি বর্তমানে কেন্দ্রীয় করের ৪১ শতাংশ পেয়ে থাকে। পশ্চিমবঙ্গসহ অনেক রাজ্যই তা বাড়িয়ে ৫০ শতাংশ করার দাবি জানিয়েছে।

(বাইট- অরবিন্দ)

নবান্নে বৈঠকের আগে অর্থ কমিশনের সদস্যরা বণিক সমাজ পঞ্চায়েত পৌরসভার মতো স্থানীয় প্রশাসনের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। আগামী মে মাস পর্যন্ত ঘোড়শ অর্থ কমিশন বিভিন্ন রাজ্য পরিদর্শন করে সরকার সংশ্লিষ্ট বিভিন্ন মহলের মতামত নেবেন। তারপর কেন্দ্রীয় সরকারের কাছে নিজেদের সুপারিশ জমা করবেন।

---

কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত ওয়াকফ সংশোধনী বিলের বিরোধিতা করে রাজ্য বিধানসভায় সরকার পক্ষের আনা প্রস্তাবের উপর আলোচনার দ্বিতীয় দিনে শাসক বিরোধী তরজায় রাজ্য বিধানসভা অধিবেশন গতকাল উত্তপ্ত হয়ে ওঠে। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, শুধুমাত্র ভোটব্যাংকের রাজনীতি করার জন্যই শাসক দল ওয়াকফ সংশোধনী বিল এর বিরোধিতা করছে। বিরোধীদের দাবি মেনে ওয়াকফ সংশোধনী বিল যৌথ সংসদীয় কমিটির কাছে পাঠানো হয়েছে। তার পরেও বিধানসভায় এই প্রস্তাব আনার যৌক্তিকতা কি তা নিয়ে তিনি প্রশ্ন তোলেন। একই সঙ্গে সরকারপক্ষকে কটাক্ষ করে তিনি বলেন, এর আগে কেন্দ্রের একাধিক পদক্ষেপের বিরুদ্ধে বিরোধীরা আন্দোলন করেছিল কিন্তু তারপরেও সেগুলি বলবৎ হয়েছে। একই রকম ভাবে, ওয়াকফ সংশোধনী বিলও আইনে পরিণত হবে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

এর পাল্টা হিসেবে প্রস্তাবের উত্থাপক পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় নিজের জবাবি ভাষণে দাবি করেন, সংসদের উভয়পক্ষে দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা ছাড়া ওয়াকফ সংশোধনী পাস হওয়া সম্ভব নয়। যৌথ সংসদীয় কমিটির ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

সরকার ও বিরোধী পক্ষের একাধিক বিধায়ক প্রস্তাবের ওপর আলোচনায় ঘোগ দেন। পরিষদীয় মন্ত্রীর জবাবি ভাষণের সময় বিরোধীরা তার বক্তব্যের প্রতিবাদ করে সভা থেকে ওয়াক আউট করেন। পরে বিরোধীশূন্য বিধানসভায় ধ্বনি ভোটে প্রস্তাবটি গৃহীত হয়।

পরে বিরোধী দলনেতা জানান, ওয়াকফ আইন পাশ করানোর জন্য দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার প্রয়োজন নেই।

---

সাধারণ মানুষের কথা বিবেচনা করে আজ সন্ধ্যা থেকে আলু ব্যবসায়ী সমিতির কর্মবিরতি উঠে যাচ্ছে। রাত থেকে যথারীতি হিমঘর থেকে আলু বের হবে এবং আগের মতোই বাজারে সরবরাহ করা হবে। গতকাল বর্ধমানের বেচারহাটে আলু ব্যবসায়ী সমিতির কার্যালয়ে দীর্ঘক্ষণ বৈঠক শেষে সংগঠনের সভাপতি জগবন্ধু মন্ডল এ কথা জানান।

সংগঠনের রাজ্য সম্পাদক লালু মুখোপাধ্যায় জানিয়েছেন, রাজ্যে হিমঘর গুলিতে সাড়ে ছয় লক্ষ মেট্রিক টন আলু মজুত আছে। এই আলুর ৪ লক্ষ মেট্রিক টন রাজ্যে প্রয়োজন লাগে। অতিরিক্ত দুই থেকে আড়াই লক্ষ টন আলু ভিন রাজ্যে পাঠাতে না দিলে ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হবেন। বিভাগীয় মন্ত্রীর সংগে বৈঠকে বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন মন্ত্রী। তাতে যদি সরকার মনে করে ধাপে ধাপে ছাড়া হবে সেটা ও করা যেতে পারে। বর্হিরাজ্যে আলু যাওয়া একেবারে বন্ধ থাকলে আগামীদিনে আবার

অন্য কোনো সিদ্ধান্ত তাদের নিতে হতে পারে বলে তিনি জানান। বিষয়টির দ্রুত সমাধানের জন্য সরকারের কাছে তারা আর্জি জানিয়েছেন।

এর আগে, বেআইনিভাবে হিমঘরে আলু মজুত রেখে আলু ব্যবসায়ী সংগঠন কর্মবিরতি করে সরকারকে বিপাকে ফেলতে চাইছে বলে অভিযোগ করেন কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না। মন্ত্রীর আরো অভিযোগ, রাজ্য সরকারকে অন্ধকারে রেখে মালদা জেলার মাইতাপুর, দক্ষিণ দিনাজপুরের হিলি, কোচবিহারের চ্যাংড়াবান্ধা দিয়ে ব্যাপকভাবে আলু বাংলাদেশে পাঠানো হচ্ছে। বিজেপি, রাজ্য সরকারকে অপদস্ত করার চেষ্টা করছে, আলু ব্যবসায়ী সংগঠনের পিছনে সিপিআইএমের মদত রয়েছে বলেও তাঁর দাবী।

ইতিমধ্যে পশ্চিম মেদিনীপুর, বর্ধমান, বাঁকুড়া, ভগলির চাল্লিশটি হিমঘরে কার কত পরিমাণ আলু রয়েছে, তা খতিয়ে দেখা হয়েছে।

---

দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমার দক্ষিণ দুর্গাপুরে তৃণমূল কংগ্রেস পরিচালিত সমবায় সমিতিতে কোটি কোটি টাকা তচরুপের অভিযোগে এক ডিরেক্টরকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রাহকদের বিক্ষোভে এক সপ্তাহ ধরে তালাবন্ধ সমবায় সমিতির অফিস। প্রাথমিকভাবে ৭ কোটি টাকা তচরুপের অভিযোগ উঠেছে। জমানো টাকা ফেরত পাওয়া নিয়ে সংশয়ে রয়েছেন কয়েক হাজার গ্রাহক। পরে ঢোলাহাট থানায় অভিযোগ দায়ের হলে অমিতির ডিরেক্টর স্বপন কপাটকে গ্রেপ্তার করা হয়। আদালত তাঁকে তিনদিনের পুলিশি হেফাজতে পাঠিয়েছে।

উল্লেখ্য, দক্ষিণ দুর্গাপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড রাজ্য সমবায়ের অধীন। মূলত কৃষিক্ষণ ও স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের ক্ষণ দিয়ে থাকে এই সমবায়টি। গত ২০১৭ সালে শেষবার নির্বাচনে তৃণমূল সমর্থকরা ক্ষমতা পায় সমবায় পরিচালনার।

তৈরী হয় ৬ জনের কমিটি। অভিযোগ, এরপর থেকে ধাপে ধাপে আর্থিক দুর্নীতি শুরু হয়েছে।

---

বাবাকে মিথ্যা মামলায় ফাঁসিয়ে দেওয়ার অপমানে লেকটাউনের দক্ষিণদাঢ়িতে মেয়ের আত্মহত্যার ঘটনায় গতকাল চাঞ্চল্য ছড়ায়। জানা গেছে, বাজি ফাটানোকে কেন্দ্র করে প্রতিবেশী পরিবারের সঙ্গে অশান্তি হলে পুলিশ শ্লীলতাহানির অভিযোগে বিজু শাহ নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। গত দুমাস ধরে তিনি দমদম সেন্ট্রাল জেলে বন্দী। তদন্ত না করেই পুলিশ গ্রেপ্তার করেছে বলে পরিবার বার বার অভিযোগ জানায়। তারপর থেকেই মানসিক অবসাদে ভুগছিলেন তার মেয়ে। গতকাল সে আত্মহত্যা করে। এরপরই দেহ আটকে রেখে বিক্ষোভ শুরু হয়। পুলিশের ভূমিকা নিয়েও ওঠে প্রশ্ন। রাতে মন্ত্রী সুজিত বসু ও ডিসি অনিশ সরকার ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি সামাল দেন।

---

৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আজ সূচনা হবে। বিকেলে উৎসবের উদ্বোধন হবে আলিপুরের ধনধান্য প্রেক্ষাগৃহে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, অভিনেতা শক্তিশালী সিনহা, প্রাক্তন ক্রিকেট অধিনায়ক সৌরভ গাঙ্গুলী ও আর্জেন্টিনার বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব পাবলো জাস্টিনো সিজার অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। এবারের ফোকাস কান্ট্রি ফ্রান্স। সেদেশের কুড়িটি কাহিনীচিত্র প্রদর্শিত হবে। উৎসব কমিটির মুখ্য উপদেষ্টা রাজ্যের মন্ত্রী অরুণ বিশ্বাস সাংবাদিক সম্মেলনে জানান, এবার ২৯ টি দেশের ১৭৫টি ছবি নির্বাচন করা হয়েছে। সত্যজিৎ রায় স্মারক বক্তৃতা দেবেন বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব “আর বালকি”। কমিটির চেয়ারম্যান চলচ্চিত্র পরিচালক গৌতম ঘোষ জানিয়েছেন, সিনেমা দেখা ছাড়াও থাকছে সেমিনার ও আলোচনা অনুষ্ঠান।

বাইট

---

আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস উপলক্ষে ইউনিসেফ এবং রাজ্যের ক্ষুল শিক্ষা দণ্ডের সর্বশিক্ষা মিশনের যৌথ উদ্যোগে গতসন্ধ্যায় এক অনুষ্ঠানে বিশেষভাবে ক্ষমতা সম্পন্ন শিশুদের জন্য একটি ওয়েবসাইট চালু করা হয়েছে। সেখানে ওই শিশুদের বিভিন্ন বিষয়ে শিক্ষাদানের জন্য ৪ টি ভিডিও ইতোমধ্যেই আপলোড করা আছে। প্রশিক্ষিত শিক্ষক-শিক্ষিকারা বাধির শিশুদের sign language এর মাধ্যমে বিশেষ পাঠ দেবেন। আগামী দিনে এ ধরনের আরো ভিডিও প্রকাশ করা হবে বলে উদ্যোক্তারা জানান। অনুষ্ঠানের উদ্বোধন করে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বিশেষভাবে ক্ষমতা সম্পন্ন শিশুদের আঁকা ছবির এবং অন্যান্য হস্তশিল্পের একটি প্রদর্শনীর সূচনা করেন।

অনুষ্ঠানে উপস্থিত ইউনিসেফের পূর্বাঞ্চলীয় ফিল্ড অফিসার ডেন্টের মঙ্গুল হোসেইন বলেন, সংস্থার লক্ষ্যই হল দিব্যাঙ্গ শিশুদের অধিকার এবং জীবনের অগ্রগতিকে সুনিশ্চিত করা।

## বাইট

---

আবহাওয়ার পূর্বাভাসকে আরোও নির্ভুল ও উন্নত করতে এখন থেকে শিক্ষা বিভাগ ও আবহাওয়া দণ্ডের এক যোগে কাজ করবে। এব্যাপারে গতকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলিপুর আবহাওয়া দণ্ডের একটি মৌ চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তি অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনমতো বিশেষজ্ঞ ও বিজ্ঞানীরা পঠন-পাঠনে সহযোগিতা করার পাশাপাশি তরুণ গবেষকদের উদ্ভাবনী চিন্তাভাবনাও আবহাওয়া দণ্ডের বিশ্লেষণ করবে। চুক্তি স্বাক্ষরের পর আলিপুর আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে বলেন, পুনে সহ ভারতের অন্যান্য অংশে এইরকম কাজ অনেক আগেই শুরু হয়েছে।

বাইট ডঃ সোমনাথ দত্ত

অন্যদিকে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ শান্তা দত্ত জানিয়েন, আবহাওয়া  
দণ্ডে, বিশ্ববিদ্যালয়ের আবহবিজ্ঞান ও পরিবেশ চর্চায় সরাসরি ঘুর্ত হলে এই শাখায়  
নতুন দিগন্ত রচিত হবে।

### বাইট ডঃ শান্তা দত্ত

---

রাজকোটে আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটে বাংলা ৯ উইকেটে  
বিহারকে হারিয়ে দিয়েছে। প্রথমে ব্যাট করে বিহার ৬ উইকেটে ১৪৭ রান সংগ্রহ করে।  
সাকিবুল গণি ৭৯ রান করেন। বাংলার সায়ন ঘোষ দুটি, মহম্মদ শামি, প্রয়াস রায় বর্মণ,  
শাহবাজ আহমেদ, একটি করে উইকেট নেন। এরপর বাংলা ১৪ ওভারে এক উইকেটে  
জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। করনলাল ৯৪ এবং অধিনায়ক সুদীপ ঘারামি  
৩২ রানে অপরাজিত থাকেন। গ্রুপ এ-তে বাংলা ছয় ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে শীর্ষ স্থানে  
রয়েছে।

---